

রেসিডেন্ট ফরেন কারেন্সি (ডোমেস্টিক) অ্যাকাউন্ট- ভারতীয় নাগরিকদের জন্য সুবিধা

ভারতীয় রিজার্ভ ব্যাংক
বিনিময় নিয়ন্ত্রণ বিভাগ
কেন্দ্রীয় কার্যালয়
মুম্বাই-৪০০০০১

এ পি (ডি-আই-আর সিরিজ) সার্কুলার নং ৩৭

নভেম্বর ১, ২০০২

সমস্ত অনুমোদিত বিদেশি মুদ্রা বিনিময়কারীদের প্রতি
মহাশয়/ মহাশয়া,

রেসিডেন্ট ফরেন কারেন্সি (ডোমেস্টিক) অ্যাকাউন্ট - ভারতীয় নাগরিকদের জন্য সুবিধা

অনুমোদিত বিদেশি মুদ্রা বিনিময়কারীরা জানেন যে ৩রা মে ২০০০ তারিখের বিজ্ঞপ্তি নং FEMA.11/ 2000-RB 3(iii) ধারা অনুযায়ী ভারতে নিবাসীরা সবসুদ্ধ ২০০০ মার্কিন ডলার বা এর সমমূল্য অর্থ রাখতে পারেন যদি সেই বিদেশি মুদ্রার কারেন্সি নোট, ট্র্যাভেলার চেক, ব্যাংক নোটগুলি:

- (ক) তিনি পেয়ে থাকেন ভারতের বাইরে ভ্রমণ করার সময় সেই কাজের জন্য যা ভারতের সঙ্গে যুক্ত কোন ব্যবসার বা ভারতে কিছু করার জন্য নয়, বা
- (খ) তিনি পেয়েছিলেন ভারতভ্রমণে আসা কোন অনাবাসী ব্যক্তির থেকে সাম্মানিক বা উপহার হিসেবে, বা কোন কাজের জন্য অথবা কোন বৈধ ঋণ শোধের জন্য, বা
- (গ) তিনি পেয়ে থাকেন ভ্রমণ করার সময় সাম্মানিক বা উপহার হিসেবে,
অথবা
- (ঘ) উদ্বৃত্ত বিদেশি মুদ্রা হিসেবে যা তিনি বিদেশভ্রমণের জন্য অনুমোদিত বিদেশি মুদ্রা বিনিময়কারীর কাছ থেকে নিয়েছিলেন।

২। বাড়তি উদারীকরণের পদক্ষেপ হিসেবে, এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে ভারত নিবাসী যে কোন ব্যক্তিকে অনুমতি দেওয়া হবে বিদেশি মুদ্রার অ্যাকাউন্ট খুলতে এবং পরিচালনা করতে। এটি তিনি করতে পারেন কোন অনুমোদিত বিদেশি মুদ্রা বিনিময়কারীর মাধ্যমে এবং এই অ্যাকাউন্টকে বলা হবে রেসিডেন্ট ফরেন কারেন্সি (ডোমেস্টিক) অ্যাকাউন্ট। এই অ্যাকাউন্ট পরিচালিত হবে সেই বিদেশি মুদ্রার থেকে যা তিনি পেয়েছিলেন কারেন্সি নোট, ট্র্যাভেলার চেক, ব্যাংক নোট হিসেবে উপরোক্ত বিষয় a থেকে d পর্যন্ত উল্লেখিত উতস থেকে। বর্তমান বিদেশি মুদ্রা বিনিময়ের নিয়ম অনুসারে এই অ্যাকাউন্ট ডেবিট করা যেতে পারে কারেন্ট/ক্যাপিটাল অ্যাকাউন্ট ট্রান্স্যাকশনের বিনিময়ে অর্থপ্রদানের জন্য। এই অ্যাকাউন্টে কারেন্ট অ্যাকাউন্ট হিসেবে পরিচালিত হবে এবং এর উপর কোন সূদ প্রযোজ্য হবে না। চেকের সুবিধা দেওয়া হবে। এই অ্যাকাউন্টে জমা বিদেশি মুদ্রার পরিমাণের উপর কোন সীমা থাকবে না।

৩। এটি সুস্পষ্ট করা হল যে রেসিডেন্ট ফরেন কারেন্সি (ডোমেস্টিক) অ্যাকাউন্ট খোলার সুবিধা নিম্নলিখিত সুবিধাগুলির উপরেও একটি বাড়তি সুযোগ

- (ক) ৩রা মে ২০০০ তারিখের এর বিজ্ঞপ্তি নং FEMA 10/ 2000-RB নিয়ন্ত্রণ ৫ ধারা অনুযায়ী যে আরএফসির সুবিধা দেওয়া হয়েছে এবং
- (খ) নিয়ন্ত্রণ ৩ ধারা অনুযায়ী ২০০০ মার্কিন ডলার বা তার সমমূল্য অবদি ক্যাশ বা ট্র্যাভেলার চেকে বিদেশি মুদ্রা রাখতে পারার যে সুবিধা আছে।
- (গ) ৩রা মে ২০০০ তারিখের এর বিজ্ঞপ্তি নং FEMA 11/RB-2000 অনুসারে যে সুবিধা আছে।

৪। ৩রা মে ২০০০ তারিখের বিজ্ঞপ্তি নং FEMA 10/RB-2000-এর প্রাসঙ্গিক বিষয়গুলির পরিবর্তন করার জন্য একটি বিজ্ঞপ্তি আলাদাভাবে দেওয়া হবে।

৫। যতদিন না পর্যন্ত ভারত সরকার বিজ্ঞপ্তি প্রকাশ করছেন, অনুমোদিত বিদেশি মুদ্রা ব্যবসায়ীদের দ্বারা প্রাপ্ত রেসিডেন্ট ফরেন কারেন্সি (ডোমেস্টিক) অ্যাকাউন্ট খোলার আবেদন, উপদেশ সহ পাঠানো যেতে পারে সম্পর্কিত ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের আঞ্চলিক দপ্তরগুলির কাছে।

৬। অনুমোদিত বিদেশি মুদ্রাব্যবসায়ীরা, এই সার্কুলারের বিষয়গুলি তাদের সঙ্গে যুক্ত ব্যক্তিদের নজরে আনতে পারেন।

৭। এই বিজ্ঞপ্তিতে দেওয়া নির্দেশাবলী ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট অ্যাক্ট ১৯৯৯(১৯৯৯ এর ৪২) এর ধারা ১০(৪) এবং ধারা ১১(১) এর পরিপ্রেক্ষিতে দেওয়া হল।

ইতি ভবদীয়

গ্রেস কোশী

চীফ জেনারেল ম্যানেজার